দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 2 1999

পৃষ্ঠা ২৮ কলাম ৮

132

# ৮ই মার্চ মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত জাতীয় সমাবেশ

মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র ও আলেম-ওলামাদের উপর জুলুম-নির্যাতনের প্রতিবাদে দেশের বিশিষ্ট আলেমগণ আগামী ৮ই মার্চ রাজধানীতে এক জাতীয় সমাবেশের আয়োজন করিয়াছেন। ইসলাম রক্ষার ঈমানী দায়িত্ব পালনার্থে দলমত নির্বিশেষে সকলের প্রতি জাতীয় সমাবেশ সফল করার আহ্বান জানাইয়া তাঁহারা বলিয়াছেন, ইদানীং ইসলাম বিরোধী শক্তিগুলি ঐক্যবদ্ধ হইয়া মাদ্রাসা শিক্ষা ও ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করিয়াছে। কতিপয় ধর্মবিরোধী এনজিও তাহাদের উৎসাহ যোগাইতেছে। প্রখ্যাত আলেমে দীন আফ্রিকার নাগরিক মাওলানা আহমেদ সাদেক ও তাঁহার সাথীদেরকে বিনা দোষে গ্রেফতার করিয়া কারাগারে আটক রাখা হইয়াছে। অথচ মাওলানা সাদেক নিজ অর্থে বাংলাদেশের নিরক্ষরতা দূরীকরণের লক্ষ্যে ৫শত কুরআনিয়া মক্তব স্থাপন করিয়াছেন।

জাতীয় সমাবেশ আহ্বানকারিগণ হইতেছেন মাওলানা আজিজুল হক, মাওলানা আহমাদ শাফী, মাওলানা শায়খ, আঃ করিম, মাওলানা হারুন ইসলামাবাদী, মাওলানা আবদুল মান্নান, মাওলানা আবদুল গাফফার, মাওলানা মুঃ আবদুল জব্বার প্রমুখ। –প্রেস বিজ্ঞপ্তি